ছায়া মন্ত্রিসভা গঠনের ইঙ্গিত আসিফ মাহমুদের



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় নির্বাচনে বড় জয় পেয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল নেতৃত্বাধীন জোট। সরকার গঠনের প্রস্তুতির মধ্যেই বিরোধী শিবিরে শুরু হয়েছে নতুন তৎপরতা। এ প্রেক্ষাপটে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) জানিয়েছে, তারা ছায়া মন্ত্রিসভা গঠনের প্রক্রিয়া হাতে নিয়েছে।

রোববার (১৫ ফেব্রুয়ারি) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে দলের মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেন, জনগণের স্বার্থ রক্ষা এবং সরকারের কার্যক্রম পর্যবেক্ষণের লক্ষ্যেই এই উদ্যোগ। তাঁর মতে, প্রস্তাবিত ছায়া মন্ত্রিসভা প্রতিটি মন্ত্রণালয়ের কাজ বিশ্লেষণ করবে এবং প্রয়োজনে বিকল্প নীতিগত প্রস্তাব উপস্থাপন করবে।

ছায়া মন্ত্রিসভা মূলত সংসদীয় ব্যবস্থায় বিরোধী দলের একটি কাঠামো, যেখানে সরকারের প্রতিটি দপ্তরের বিপরীতে বিরোধী দলের নির্দিষ্ট দায়িত্বপ্রাপ্ত সদস্য থাকেন। তারা সংশ্লিষ্ট মন্ত্রীর কার্যক্রম মূল্যায়ন করেন এবং নীতি ও সিদ্ধান্তের সমালোচনামূলক পর্যালোচনা তুলে ধরেন। বিশ্বের বিভিন্ন গণতান্ত্রিক দেশে এ ধরনের কাঠামো বিরোধী দলের জবাবদিহিমূলক ভূমিকা জোরদার করে।

সদ্য সমাপ্ত নির্বাচনে বিএনপি নেতৃত্বাধীন জোট ২১২টি আসন পেয়েছে। জামায়াত জোট অর্জন করেছে ৭৭টি আসন। অন্য আসনগুলোতে জয়ী হয়েছেন স্বতন্ত্র ও বিভিন্ন দলের প্রার্থীরা।